

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা
www.ssd.gov.bd

নং- ৫৮.০০.০০০০.০১২.০২.০০৪.১৭-২৬৭

তারিখঃ ০৭ ফেব্রুয়ারি, ২০১৮

নোটিশ

সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের রাজস্ব খাতভুক্ত ৩য় ও ৪র্থ শ্রেণির পদে সরাসরি/পদোন্নতির মাধ্যমে পূরণের জন্য গত ১২-০১-২০১৮ তারিখে নিয়োগ (লিখিত) পরীক্ষা অনুষ্ঠিত হয়। লিখিত পরীক্ষায় সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ও অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষা আগামী ০৯, ১০, ১১, ১২ ও ১৩ ফেব্রুয়ারি'২০১৮ তারিখ পিএসসি'র কম্পিউটার ল্যাব কক্ষ নং- ১০৫ দ্বিতীয় তলা ভবন নং-০৩ জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়ে এবং অফিস সহায়ক পদে উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ১৪, ১৫ ও ১৬ ফেব্রুয়ারি' ২০১৮ তারিখ সুরক্ষা সেবা বিভাগ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আইসিটি সেল, নীচ তলা ভবন নং-০৮ বাংলাদেশ সচিবালয়ে সকাল ১০.০০ ঘটিকা থেকে অনুষ্ঠিত হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়।

০২। নির্বাহী প্রকৌশলী এনওসিএস, রমনা, ডিপিডিসি ০৬-০২-২০১৮ তারিখের ৮৭.২৩৩.২১৭.০৩.০০.৬৭.২০১৮/১৮৫২ নম্বর স্মারক মূলে জানান যে, “আগামী ০৯-০২-২০১৮ ইং তারিখ রোজ শুক্রবার সকাল ০৮.০০ ঘটিকা হতে বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত বাংলাদেশ সচিবালয় পশ্চিম আন্ডারগ্রাউন্ড ফিডারের আওতাধীন সকল উপকেন্দ্রের বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকবে”।

০৩। বিদ্যুৎ বিভ্রাট জনিত কারণে ০৯-০২-২০১৮ ইং তারিখের অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষা সংশোধিত তারিখ অনুযায়ী ১৬ ফেব্রুয়ারি'২০১৮ তারিখে একই সময় ও স্থানে অনুষ্ঠিত হবে। অন্যান্য তারিখের পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হবে।

০৪। অনিচ্ছাকৃত এ পরিবর্তনের জন্য আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করছি।

(সৈয়দ বেলাল হোসেন)

যুগ্মসচিব (প্রশাসন)

ও

সদস্য সচিব

বিভাগীয় নির্বাচন কমিটি

ফোনঃ +৮৮০২৪৭১২৪৩৩৭